

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৭৩

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৪০. যে ব্যক্তি তার সমস্ত সম্পদ দান করতে চায়

باب الرَّجُلِ يَخْرُجُ مِنْ مَالِهِ

### আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ مُحَمَّد بْنِ إِسْحَاقَ، عَنْ عَاصِم بْنِ عُمَر بْنِ قَتَادَةً، عَنْ مَحْمُود بْنِ لَبِيد، عَنْ جَابِر بْنِ عَبْدِ اللهِ الأَنْصَارِيِّ، قَالَ كُنَّا عِنْدَ رَسُولِ بْنِ قَتَادَةً، عَنْ مَحْمُود بْنِ لَبِيد، عَنْ جَابِر بْنِ عَبْدِ اللهِ الأَنْصَارِيِّ، قَالَ كُنَّا عِنْدَ رَسُولَ اللهِ اللهِ صلى الله عليه وسلم إِذْ جَاءَ رَجُلٌ بِمِثْل بَيْضَةٍ مِنْ ذَهَب فَقَالَ يَا رَسُولَ اللهِ أَصَبَبْتُ هَذِهِ مِنْ مَعْدِنِ فَخُذْهَا فَهِي صَدَقَةٌ مَا أَمْلِكُ غَيْرَهَا . فَأَعْرَضَ عَنْهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم ثُمَّ أَتَاهُ مِنْ قِبَل رُكْنِهِ الأَيْمَنِ فَقَالَ مِثْلَ ذَلِكَ فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ أَتَاهُ مِنْ خَلْفِهِ مِنْ قِبَل رُكْنِهِ الأَيْسَرِ فَأَعْرَضَ عَنْهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم ثُمَّ أَتَاهُ مِنْ خَلْفِهِ فَلَا مَلْكُ فَيَقُولُ هَذِهِ صَلَى الله عليه وسلم ثُمَّ أَتَاهُ مِنْ خَلْفِهِ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَحَذَفَهُ بِهَا فَلَوْ أَصَابَتُهُ لَأَوْجَعَتْهُ أَقُ لَعَقَرتُهُ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " يَأْتِي أَحَدُكُمْ بِمَا يَمْلِكُ فَيَقُولُ هَذِهِ صَدَقَةٌ ثُمَّ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " يَأْتِي أَحَدُكُمْ بِمَا يَمْلِكُ فَيَقُولُ هَذِهِ صَدَقَةٌ ثُمَّ يَقْعُدُ يَسْتَكِفُّ النَّاسَ خَيْرُ الصَّدَقَةِ مَا كَانَ عَنْ ظَهْرِ غِنًى " .

\_ ضعيف : إنما يصح منه جملة : (خير الصدقة ... ) ، أنظر حديث أبي هريرة الاتي

#### বাংলা

১৬৭৩। জাবির ইবনু 'আবদুল্লাহ আল-আনসারী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট অবস্থানকালে এক ব্যক্তি একটি ডিম পরিমাণ স্বর্ণ নিয়ে এসে বললো, হে আল্লাহর রসূল! আমি এ স্বর্ণ খনি থেকে পেয়েছি, এটি দান হিসেবে গ্রহণ করুন। এছাড়া আমার আর কিছুই নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার মুখ ফিরিয়ে নিলে লোকটি তাঁর ডান পাশে এসে আগের মতই বললো। এরপর সে তাঁর বাম পাশে এসেও তাই বললো।

আর তিনিও তার থেকে মুখ ফিরিয়ে নিলেন। অবশেষে সে তাঁর পিছনে এসে অনুরূপ বললে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ



আলাইহি ওয়াসাল্লাম তা নিয়ে এমন জোরে তার দিকে ছুড়ে মারলেন যে, তার শরীরে লাগলে সে অবশ্যই যখম বা আহত হতো। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমাদের কেউ তার সমস্ত মাল আমার কাছে নিয়ে এসে বলে, এটা সাদাকা। পরে সে (সম্বলহীন হয়ে) লোকের কাছে ভিক্ষা করে বেড়ায়। বস্তুত সর্বোত্তম সাদাকা সেটাই যা অভাবমুক্ত থেকে দান করা হয়।[1]

দূর্বল : তবে হাদীসের এ বাক্যটি সহীহ- "সর্বোত্তম সাদাকা সেটাই যা অভাবমুক্ত থেকে দান করা হয়।"

### **English**

Narrated Jabir ibn Abdullah Al-Ansari:

While we were sitting with the Messenger of Allah () a man brought him some gold equal in weight to an egg, and said: Messenger of Allah, I have got this from a mine; take it; it is sadaqah. I have no more than this. The Messenger of Allah () turned his attention from him. Then he came to him from his right side and repeated the same words. But he (the Prophet) turned his attention from him. He then came to him from his left side and repeated the same words. But he (again) turned his attention from him. He then came to him from behind. The Messenger of Allah () took it and threw it away. Had it hit him, it would have hurt him or wounded him. The Messenger of Allah () said: One of you brings all that he possesses and says: This is sadaqah. Then he sits down and spreads his hand before the people. The best sadaqah is that which leaves a competence.

## ফুটনোট

[1] দারিমী (হাঃ ১৬৫৯), ইবনু খুযাইমাহ (হাঃ ২৪৪১), হাকিম, বায়হাকী। হাকিম ও যাহাবী একে সহীহ বলেছেন। কিন্তু এর সানাদ দুর্বল। সনদে ইবনু ইসহাক একজন মুদাল্লিস এবং তিনি এটি আন আন শব্দে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন